

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জানুয়ারি ২৪, ২০১৬

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১১ মাঘ, ১৪২২/২৪ জানুয়ারি, ২০১৬

নিম্নলিখিত বিলটি ১১ মাঘ, ১৪২২/২৪ জানুয়ারি, ২০১৬ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত  
হইয়াছে :—

বা. জা. স. বিল নং ০৩/২০১৬

**Civil Courts Act, 1887 এর অধিকতর সংশোধনকল্পে আনীত বিল**

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে Civil Courts Act, 1887 (Act No. XII of 1887) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন Civil Courts (Amendment) Act, 2016 নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। Act No. XII of 1887 এর section 19 এর সংশোধন।—Civil Courts Act, 1887 (Act No. XII of 1887), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 19 এ উল্লিখিত “four” শব্দের পরিবর্তে “twenty five” শব্দগুলি এবং “two” শব্দের পরিবর্তে “fifteen” শব্দ প্রতিস্থাপিত হইবে।

৩। Act No. XII of 1887 এর section 21 এর সংশোধন।—উক্ত Act এর section 21 এর sub-section (1) এর clause (a) তে উল্লিখিত “lac” শব্দের পরিবর্তে “crore” শব্দ প্রতিস্থাপিত হইবে।

( ৮২৭ )

মূল্য : টাকা ৪.০০

৪। বিশেষ বিধান।—(১) এই আইনের ধারা ২ দ্বারা উক্ত Act এর section 19 সংশোধন হইবার কারণে জেলা জজ, সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা, এই আইন কার্যকর হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিনের মধ্যে যুগ্ম-জেলা জজ বা সিনিয়র সহকারী জজ আদালতে বিচারাধীন মোকদ্দমা সংশোধিত এখতিয়ার অনুযায়ী উপযুক্ত আদালতে স্থানান্তর করিবেন।

(২) উপ-ধারা (১) এর অধীন কোন মোকদ্দমা যে পর্যায়ে স্থানান্তরিত হইবে সেই পর্যায় হইতে উক্ত মোকদ্দমার বিচারকার্য পরিচালিত হইবে।

(৩) এই আইনের ধারা ৩ দ্বারা উক্ত Act এর section 21 সংশোধন হইবার কারণে হাইকোর্ট বিভাগে বিচারাধীন অনধিক ৫ (পাঁচ) কোটি টাকা মূল্যমানের মূল মোকদ্দমায় যুগ্ম-জেলা জজ আদালত কর্তৃক প্রদত্ত ডিক্রি বা আদেশ হইতে উদ্ধৃত যে কোন আপিল বা কার্যক্রম (proceedings), এই আইন কার্যকর হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিনের মধ্যে, জেলা জজ আদালতে স্থানান্তরিত হইবে এবং সংশ্লিষ্ট জেলা জজ নিজে উহা নিষ্পত্তি করিবেন অথবা অতিরিক্ত জেলা জজ এর নিকট নিষ্পত্তির জন্য প্রেরণ করিবেন:

তবে শর্ত থাকে যে, হাইকোর্ট বিভাগে বিচারাধীন কোন আপিল বা কার্যক্রম (proceedings) এর আংশিক শুনানী হইয়া থাকিলে উহা স্থানান্তরিত হইবে না।

### উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবৃতি

বর্তমান আর্থসামাজিক অবস্থার প্রেক্ষাপটে পূর্বের তুলনায় সম্পত্তির মূল্য বহুগুণ বৃদ্ধি পেয়েছে। সে অনুপাতে মামলা দায়েরের ক্ষেত্রে দেওয়ানী আদালতের আর্থিক এখতিয়ার বৃদ্ধি না হওয়ায় বিচারপ্রার্থী জনগণকে ভোগান্তির সম্মুখীন হতে হচ্ছে। সে প্রেক্ষিতে মামলা দায়েরের ক্ষেত্রে সহকারী জজ, সিনিয়র সহকারী জজ এবং যুগ্ম-জেলা জজ আদালতের এবং একই সাথে আপীল মামলা শুনানীর ক্ষেত্রে জেলা জজের আর্থিক এখতিয়ার পুনর্নির্ধারণ করা আবশ্যিক।

বর্ণিত অবস্থার প্রেক্ষিতে মামলা দায়েরের ক্ষেত্রে সহকারী জজ এর আর্থিক এখতিয়ার ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা থেকে বাড়িয়ে ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকা; সিনিয়র সহকারী জজ এর আর্থিক এখতিয়ার ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা থেকে বাড়িয়ে ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকা এবং একই সাথে আপীল মামলা শুনানীর ক্ষেত্রে জেলা জজের আর্থিক এখতিয়ার ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা থেকে বাড়িয়ে ৫,০০,০০,০০০/- (পাঁচ কোটি) টাকা করা যেতে পারে। মামলা দায়েরের ক্ষেত্রে সহকারী জজ, সিনিয়র সহকারী জজ এবং যুগ্ম-জেলা জজ আদালতের এবং একই সাথে আপীল মামলা শুনানীর ক্ষেত্রে জেলা জজের আর্থিক এখতিয়ার পুনর্নির্ধারণের উদ্দেশ্যে Civil Courts Act, 1887 সংশোধন করা আবশ্যিক।

আনিসুল হক

ভারপ্রাপ্ত মন্ত্রী।

ড. মোঃ আবদুর রব হাওলাদার

সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd